
সাপ্তাহিক ২০০০



বাঙালির জীবন উৎসব নির্ভর। দু'টি ঈদই আজ অন্যতম উৎসবে পরিণত হয়েছে। বাঙালির উৎসব মানেই হচ্ছে কেনাকাটার আমেজ। নতুন পোশাক পরা। ঈদুল ফিতরের আগে নতুন পোশাক কেনার ধুম পড়ে যায়। ঈদুল আযহায় চলে পোশাক কেনার নীরব প্রতিযোগিতা। কোরাবানির পশু ক্রয়ের সঙ্গে চলে পোশাক কেনার আয়োজন। তবে এবার ঈদুল আযহার বিশেষত্ব রয়েছে। বাঙালি সত্তার সঙ্গে মিশে থাকা ফাল্গুনে এসেছে ঈদ। ঈদের পরে ভ্যালেন্টাইনস ডে। বইমেলা। রক্তস্নাত একুশে ফেব্রুয়ারি। এ কারণে বিভিন্ন উৎসবের আমেজকে ঈদ পোশাকে সমন্বয় করতে চেয়েছে পোশাক তৈরি প্রতিষ্ঠানগুলো। বুটিক হাউজগুলো গুরুত্ব দিয়েছে আবহাওয়াকেও, ঋতু হিসেবে তারা পোশাকে রঙের ঝলকানি দিতে চেয়েছে।

প্রতিবছরের মতো ক্রেতাদের ঈদের পোশাক ক্রয় সহজলভ্য করতে, লেটেস্ট ফ্যাশনের সঙ্গে পরিচয় করিয়ে দিতে সাপ্তাহিক ২০০০ ঈদুল আযহার ঈদ ক্যাটালগ বিশেষ সংখ্যা প্রকাশ করছে। মূলত ক্রেতা-বিক্রেতার মধ্যে সেতুবন্ধনের জন্য এ ফ্যাশন ক্যাটালগ বের করা হয়েছে। দেশের বুটিক হাউজগুলো এখন বঞ্চিত সরকারি পৃষ্ঠপোষকতা পেতে। এ কারণে তাদের কার্যক্রমকে এগিয়ে নিয়ে যেতে সাপ্তাহিক ২০০০ সব সময় তাদের পাশে দাঁড়িয়েছে। দেশে বিরাজমান নানা প্রতিকূলতার মাঝেও ঈদুল আযহার ফ্যাশন ডিজাইনের প্রতিষ্ঠানগুলো উৎসাহের সঙ্গে ঈদুল আযহার ফ্যাশন সংখ্যায় অংশ নিয়েছে। মোট চারটি পর্বে পোশাক জমা নেয়া হয়েছে। শাড়ি, সালোয়ার-কামিজ, পুরুষদের বিভাগ, ফিউশন। শাড়ির ক্ষেত্রে ডিজাইনাররা হালকা ধরনের অর্থাৎ ফ্যাশনেবল ধাঁচের নতুনত্বের দিকে নজর দিয়েছে। সালোয়ার কামিজের কলার ও হাতে পাইপিং লক্ষ্য করা গেছে। তবে ডিজাইনাররা পোশাকের কারুকাজে গুরুত্ব না দিলেও রঙে বর্ণাঢ্যতা আনার চেষ্টা করেছেন। পুরুষের পাঞ্জাবিতে আনতে চেষ্টা করেছেন নতুনত্ব।

মূলত এবার ঈদের ফ্যাশনে বসন্ত, একুশ, ভালোবাসা দিবস, বিভিন্ন মেলা এনেছে বহুমাত্রিকতা। এ কারণে ঈদুল আযহার সঠিক পোশাক নির্বাচনে এ ক্যাটালগটি আপনাকে সহায়তা করবে। বাঁচিয়ে দেবে মূল্যবান সময়।

ঈদ হয়ে উঠুক সকলের জন্য আনন্দময়। আজ এই প্রত্যাশা।

সম্পাদক
**শাহাদত চৌধুরী**
নির্বাহী সম্পাদক
**মোহসিউল আদনান**
প্রধান প্রতিবেদক
**গোলাম মোর্তোজা**
প্রতিবেদক
**জয়ন্ত আচার্য**
**সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু**
সহযোগী প্রতিবেদক
**বদরুল আলম নাবিল**
**আসাদুর রহমান, রুহুল তাপস**
প্রদায়ক
**জসিম মল্লিক**
আলোকচিত্রী
**তুহিন হোসেন**
নিয়মিত লেখক
**আসজাদুল কিবরিয়া, নাসিম আহমেদ**
**সুমী শাহাবুদ্দিন, জুটন চৌধুরী**
**ফাহিম হুসাইন**
চট্টগ্রাম প্রতিনিধি
**সুমি খান**
যশোর প্রতিনিধি
**মামুন রহমান**
সিলেট প্রতিনিধি
**নিজামুল হক বিপুল**
বিশেষ বিদেশ প্রতিনিধি
**মিজানুর রহমান খান**
হলিউড প্রতিনিধি
**মুনাওয়ার হুসাইন পিয়াল**
জার্মানি প্রতিনিধি
**সরাফউদ্দিন আহমেদ**
নিউইয়র্ক প্রতিনিধি
**আকবর হায়দার কিরণ**
কম্পিউটার গ্রাফিক্স প্রধান
**নূরুল কবীর**
প্রযুক্তি উপদেষ্টা
**শাহরিয়ার ইকবাল রাজ**
শিল্প নির্দেশক
**কনক আদিত্য**
কর্মাধ্যক্ষ
**শামসুল আলম**

**যোগাযোগ**
৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স ঃ **৯৩৫০৯৫১ - ৩**
সার্কুলেশন/বিজ্ঞাপন ঃ **৯৩৪৯৪৫৯**
ফ্যাক্স ঃ **৯৩৫০৯৫৪**
**চট্টগ্রাম অফিস :** ১৪/ক, এসি দত্ত লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
**ইমেল ঃ** shaptahik2000@hotmail.com

**দাম ঃ ২৫ টাকা**

**মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড**
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে **মাহফুজ আনাম** কর্তৃক প্রকাশিত ও **ট্রান্সক্রাফট লিঃ**, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

**www.shaptahik2000.com**